গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
www.motj.gov.bd

নং ২৪.০০.০০০০.১০৯.১৬.০১৬.১৭-২২৮

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন সম্পাদনা পরিষদ/কমিটি'র ৩১/০৭/২০১৭ তারিখের সভার কার্যবিবরণী প্রেরণ।**

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের সভাপতিত্বে ৩১/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন তৈরির সংক্রান্ত সম্পাদনা পরিষদ/কমিটি'র সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

(প্রদীপ কুমার সাহা)
উপসচিব (সওস)
ফোনঃ ৯৫১৫৬০৭
e-mail: motjsos2010@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. অতিরিক্ত সচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. চেয়ারম্যান, বিজেএমসি/বিটিএমসি/তাঁত বোর্ড/বিজেসি (বিঃ), ঢাকা।
০৩. মহা-পরিচালক, পাট অধিদপ্তর, করিম চেম্বার, মতিঝিল বা/এ, ঢাকা, রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
০৪. পরিচালক, বস্ত্র পরিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা।
০৫. যুগ্মসচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. নির্বাহী পরিচালক, জেডিপিসি, ফার্মগেট, ঢাকা।
০৭. পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮. উপসচিব (সকল)/উপ-প্রধান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. জনসংযোগ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপ-প্রশাসক, আদমজী সন্স লিঃ,আদমজী কোর্ট (৪র্থ তলা), ১১৫/১২০, মতিঝিল বা/এ, ঢাকা।
১৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা

# বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন তৈরি সংক্রান্ত সম্পাদনা পরিষদ/কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আশরাফ আলী
অতিরিক্ত সচিব (পরিকল্পনা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
সভার তারিখ : ৩১/০৭/২০১৭ খ্রি:
সময় : বেলা ১১.০০ টা।
স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ১১১৩)

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-"ক"

**২. উপস্থাপনা ও আলোচনা:**

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি এ মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন সময়োপযোগী ও সুন্দর ভাবে প্রকাশের বিষয়ে গুরুত্ব আরোপ করে সূচনা বক্তব্য প্রদান করেন। অত:পর তিনি ২০১৬-১৭ বছরের বার্ষিক প্রতিবেদন তৈরী বিষয়ে সুচিন্তিত মতামত প্রদানের জন্য উপস্থিত সদস্যবৃন্দকে আহবান জানান। সভায় উপস্থিত কর্মকর্তাগণ বিভিন্ন বিষয়ে নিজ নিজ মতামত ব্যক্ত করেন।

**৩. সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তবলী গৃহিত হয়।**

৩.১ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২০১৬-১৭ বছরের বার্ষিক প্রতিবেদনের জন্য চ্যাপ্টার/বিষয় ওয়ারী তথ্যাদির খসড়া প্রস্তুতের জন্য মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নিয়োক্ত কর্মকর্তাগণের মধ্যে দায়িত্ব বন্টনের সিদ্ধান্ত গৃহীত হয়:

| বিষয় | দায়িত্ব |
|---|---|
| মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের বাণী/ সচিব মহদোয়ের মুখবন্ধ তৈরী | (ক) জনাব মো: আখতারুজ্জামান, মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।<br>(খ) জনাব মোহাম্মদ নাছির উদ্দিন, মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।<br>(গ) জনাব এম. রায়হান আখতার, সচিব মহোদয়ের একান্ত সচিব।<br>(ঘ) জনাব সৈকত চন্দ্র হালদার, জনসংযোগ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| মন্ত্রণালয় সংক্রান্ত প্রতিবেনাংশ | ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে প্রকাশিত চ্যাপ্টারসমূহের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/উইং এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ। |
| দপ্তর/সংস্থার প্রতিবেদনাংশ | স্ব-স্ব দপ্তর/সংস্থার প্রধানগণ। |

৩.২ **সদস্য কো-অপ্ট:**

বার্ষিক প্রতিবেদন তৈরির কাজে সহযোগিতার জন্য যুগ্মসচিব (পরিকল্পনা) এবং যুগ্মসচিব (বাজেট) কে সম্পাদনা পরিষদ/কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৩.৩ **দপ্তর/সংস্থার প্রতিনিধি মনোনয়ন :**

মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার প্রধানগণ স্ব-স্ব দপ্তর/সংস্থা থেকে একজন যোগ্য প্রতিনিধি যিনি বার্ষিক প্রতিবেদন তৈরিতে যথাযথ অবদান রাখতে পারবেন এমন একজন কর্মকর্তাকে মনোনয়ন দিয়ে তার নাম, পদবী, ঠিকানা, ফোন/মোবাইল ইত্যাদি তথ্যসহ ০৭/০৮/২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণায়ে প্রেরণ করবেন।

৩.৪ **বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত বিষয়:**

এ মন্ত্রণালয়ের ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে যে যে বিষয় অন্তর্ভুক্ত আছে সেগুলো ভিত্তি হিসেবে গণ্য করে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন তৈরির কাজ এগিয়ে নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। তবে, সম্পাদনা পরিষদ/কমিটির সদস্যগণ আগামী সভায় প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন বিষয়ে সুচিন্তিত মতামত/সুপারিশ প্রদান করবেন।

**৩.৫ প্রতিবেদন/তথ্য প্রেরণ:**

মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থা এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/উইং হতে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন তৈরির জন্য যথাযথ তথ্য, ক্যাপশনসহ ছবি প্রতিবেদনাংশের হার্ডকপি ও সফটকপি (নিকষ ফন্টে ই-মেইল মারফত) আগামী ০৭/০৮/২০১৭ তারিখের মধ্যে সমন্বয় ও সংসদ অধিশাখায় প্রেরণ করবেন। তথ্য চেয়ে জরুরীভিত্তিতে এ সংক্রান্ত এক চিঠি তৈরি করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য উপসচিব (সওস) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**৩.৬ কমিটি'র পরবর্তী সভা সংক্রান্ত :**

কমিটি'র পরবর্তী সভা ১০/০৮/২০১৭ তারিখে আয়োজনের এবং উক্ত সভায় কমিটি'র সদস্য ছাড়াও দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ অংশগ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০২/০৮/২০১৭ খ্রি:
(মোঃ আশরাফ আলী)
অতিরিক্ত সচিব (পরিকল্পনা)
ও আহবায়ক
বার্ষিক প্রতিবেদন সম্পাদনা পরিষদ/কমিটি।